১৬/৮/২০০১

তারিখ ঃ ...............
পৃষ্ঠা ১৬ কলাম ........

দৈনিক ইত্তেফাক

# খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের ক্লাশ বর্জন অব্যাহত

খুলনা অফিস ॥ খুলনা বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা এখনও কাটে নাই। আওয়ামী লীগ ট্রেজারার সরদার আবদুর রাজ্জাকের হত্যার সাথে শিক্ষক ডঃ রেজাউল করিম জড়িত থাকার সন্দেহ করায় এবং ভাইস চ্যান্সেলর এই অভিযোগের যথাযথ প্রতিবাদ না করায় বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গত বৃহস্পতিবার হইতে ক্লাশ বর্জন করিয়া আসিতেছে। এদিকে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীরা ৪ দফা দাবী আদায়ের লক্ষ্যে গত শনিবার হইতে সকাল ৯ হইতে বিকাল ৫টা পর্যন্ত (১৩শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## খুলনা বিশ্ববিদ্যালয়ের

(৩য় পৃঃ পর)

কর্মবিরতি পালন করিতে শুরু করিয়াছেন। প্রায় দুই শত ছাত্র-ছাত্রী সৎ, যোগ্য এবং নিরপেক্ষ একজন ব্যক্তিকে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর নিয়োগ করার জন্য চ্যান্সেলর ও প্রেসিডেন্ট বিচারপতি শাহবুদ্দিন আহমদ-এর প্রতি আবেদন জানাইয়াছেন। উল্লেখ্য, বর্তমান ভাইস চ্যান্সেলর অধ্যাপক ডঃ এস.এম. নজরুল ইসলামের চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ আগামী ২২শে আগষ্ট শেষ হইয়া যাইবে।